# পর্ণশ্রীতে সিন্ডিকেট নিয়ে রণক্ষেত্র



**সৌমেন ভট্টাচার্য, কলকাতা :** ফের সিন্ডিকেট নিয়ে রণক্ষেত্র হয়ে উঠল বেহালার পর্ণশ্রী। এই ঘটনায় দু'পক্ষের অন্তত ৬জন জখম হয়ে হাসপাতালে ভরতি। এদের মধ্যে ২ জনের চোট গুরুতর। পুলিশ ৩জনকে গ্রেফতার করেছে। এলাকায় শান্তি বজায় রাখার জন্য পুলিশি টহল চলছে। অভিযোগ, ওই দু'পক্ষই তৃণমূলের ছত্রছায়ায় রয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, ওই এলাকায় বিশ্বজিৎ বিশ্বাস ওরফে বিজু ইমারতি দ্রব্য সামগ্রী সরবরাহ করেন। এতদিন তিনি একাই এই কাজ করছিলেন। সম্প্রতি রাজনৈতিক ক্ষমতায় আরো ১জন একাজ শুরু করেন। এনিয়ে গত ৫-৬ মাস ধরে জয় দাস ওরফে গুলের সঙ্গে বিজুর বিবাদ চলছিল। স্থানীয়দের দাবি, বিজু ও গুলে কেউই প্রতিযোগিতামূলক ব্যবসা বা ভাগ করে ব্যবসা করতে রাজি নন। তাই দু'পক্ষের মধ্যে বিবাদ লেগেই থাকে। গত ৫-৬ মাসে অন্তত ১০-১২টি মারপিটের ঘটনা ঘটে। এনিয়ে এলাকা প্রায়দিনই অশান্ত হয়ে ওঠে। বৃহস্পতিবার রাত ১১টা নাগাদ জয় দাসের বালি ভরতি ট্রাকের মাল খালাস করা নিয়ে ঝামেলার শুরু হয়। জয়ের তরফে পর্ণশ্রী থানায় অভিযোগে জানানো হয়, বিশ্বজিতের দলের ৫-৬জন তাঁদের আক্রমণ করেন। তাঁদের হাতে আগ্নেয়াস্ত্র ছিল বলে অভিযোগ। জয় দাসের লোক ওদের আটকাতে গেলে দু'পক্ষের হাতাহাতি ও বচসায়ে জখম হয় ৪ জন। এই ঘটনায় ২টি বাইকও ভাঙচুর করা হয়। এদিন গুলি চালানোর অভিযোগ উঠলেও পুলিশের তরফে তা অস্বীকার করা হয়। গুরুতর জখম অবস্থায় জয় দাস সহ ৪জনকে বিদ্যাসাগর হাসপাতালে ভরতি করা হয়েছে। অন্যদিকে, বিশ্বজিতের তরফেও থানায় পালটা অভিযোগ করে বলা হয়, তাঁদের কয়েকজন ছেলে রাতে যখন বাড়ি ফিরছিলেন তখন জয়ের দলের ছেলেরা তাঁদের ওপর প্রাণঘাতী হামলা চালায়। পুলিশের এক আধিকারিক জানান, দু'তরফেরই অভিযোগ পেয়েছেন। জখমদের জিজ্ঞাসাবাদ ও সিসিটিভি ফুটেজে দেখে অপরাধীদের চিহ্নিত করার চেষ্টা হচ্ছে।

## কাজোড়ায় বাস দুর্ঘটনায় জখম ২০

**সুবীর রায়, দুর্গাপুর :** শুক্রবার দুপুরে অণ্ডালের কাছে ২নং জাতীয় সড়কে কাজোড়া ব্রিজের ওপরে ৪৫ জন যাত্রী বোঝাই বাসের সামনে ১টি ভ্যান চলে আসে। ভ্যানটিকে বাঁচাতে বিহারগামী বাসটি ব্রেক কষলে ডিভাইডার ভেঙে রাস্তার উলটো লেনের দিকে চলে যায়। ঠিক ওই সময় একই লেনে আসা ১টা লরির মুখোমুখি চলে আসে বাসটি। বাসটিকে বাঁচাতে লরিটি সজোরে ব্রেক করলে লরিও উলটে যায়। এতে লরির চালক গুরুতর জখম হন। ২০জন বাস যাত্রীর সামান্য আঘাত লাগলেও বাকি যাত্রীরা গুরুতর জখম হন। তাঁদের দুর্গাপুর মহকুমা হাসপাতালে পাঠানো হয়। বাসযাত্রীরা জানান, বারাকপুর থেকে বিহারের গয়ায় যাচ্ছিলেন।

# দুর্গাপুরে আবাসনের সরকারি জমিতে বেকারি গড়ায় প্রতিবাদ




**নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর :** ২০০৪ সালে থাকার জন্য দেওয়া সরকারি জমিতে ১টি বেকারি গড়ে তোলায় এলাকার লোক এর প্রতিবাদ করছেন। দুর্গাপুর শহরের অন্যতম নামি বেকারি 'আলিজ' যেভাবে সরকারি নিয়ম ভেঙেছে তা নিয়ে প্রশাসনিক মহলেও শোরগোল পড়ে গেছে। সূত্রের খবর, ঘটনাটি নিয়ে রাজ্য সরকার তদন্তে নামছে। এদিকে জমির মালিক তথা আলিজের কর্ণধার শেখ মুস্তফা আলি এ প্রসঙ্গে কিছু বলতে অস্বীকার করেন। তবে তিনি নিজে এ নিয়ে কিছু না বললেও সংস্থার এক অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার আমিরুল সিদ্দিকি জানান, 'সরকার যা জানতে চাইবে তা আমরা জানাব। আমরা তদন্তের কাজে সরকারকে পুরো সহযোগিতা করতে রাজি আছি।' উল্লেখ্য, ২০০৪ সালে দুর্গাপুর শহরের সিটি সেন্টারের অম্বুজা উপনগরীর ইস্ট অ্যাভিনিউতে শাহনাজ বেগমকে বসবাসের জন্য রাজ্য সরকার অধীনস্থ আসানসোল-দুর্গাপুর উন্নয়ন সংস্থা তথা এডিডিএ ৩ কাঠা জমি দেয়। ওই বরাদ্দ করা জমিতে কিছুদিনের মধ্যেই শাহনাজ ১টি বাড়ি তৈরি করেন। অথচ বাস্তবে দেখা যায়, বসবাসের জন্য দেওয়া পুকুর লাগোয়া জমিতে পুরোদস্তুর এক বেকারি গড়ে উঠেছে। কয়েকদিনের মধ্যেই এটি শহরের অন্যতম নামি ব্র্যান্ড আলিজ হিসেবে পরিচিতি পায়। ২০১৬ সাল থেকে এই বেকারিতে কেক, পেস্ট্রি, ক্রিম রোল, কুকিজ তৈরির কাজ শুরু হয়ে যায়। এই কারখানা নিয়ে সিটি সেন্টার এলাকায় কোনো সমস্যা না হলেও, সম্প্রতি স্থানীয় বাসিন্দারা দুর্গাপুর পুরনিগম, এডিডিএ সহ মহকুমা প্রশাসনের কাছে এ নিয়ে অভিযোগ দায়ের করেন। 'সিটিজেন্স অফ বেঙ্গল অম্বুজা' নামে এক সংস্থার পক্ষ থেকে নানা দফতরে অভিযোগ জমা পড়তে থাকে। এই অভিযোগ পাওয়ার পরই দুর্গাপুর পুরনিগম ও এডিডিএ আলাদা করে তদন্ত করার সিদ্ধান্ত নিয়েছে। পুরনিগমের পুরকমিশনার পুষ্পেন্দু মিত্র এ প্রসঙ্গে বলেন, 'থাকার জন্য দেওয়া জমিকে কেউ ব্যবসায়ী কাজে ব্যবহার করতে পারে না, কেউ কারখানাও বসাতে পারে না। আমরা এর তদন্ত করব।' এদিকে দুগাপুর পুরনিগমই 'আলিজ' বেকারিকে ব্যবসা করার জন্য ট্রেড লাইসেন্স দিয়েছে। পুরনিগমের এই দুধরনের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছে। এ প্রসঙ্গে বেকারির ম্যানেজার আমিরুল জানান, 'আচমকা শহরের কিছু লোকের কী সমস্যা হল তা ঠিক বোঝা যাচ্ছে না। অথচ ৩ বছর আগে এলাকার লোকই দুর্গাপুর পুরনিগমকে চিঠি দিয়ে জানিয়েছিলেন এলাকায় বেকারি গড়ে ওঠায় টাটকা কেক, রুটি পাওয়ার ক্ষেত্রে তাঁদের সুবিধা হয়েছে। তাই দুর্গাপুর পুরনিগম আমাদের ট্রেড লাইসেন্স দেয়।'

# বাড়ি ফেরার অ্যাম্বুলেন্স না মেলায় হাসপাতালেই কাটল ২৪ ঘণ্টা

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** হাওড়ার কোভিড হাসপাতাল টি এল জয়সওয়ালে একজন করোনাজয়ী সুস্থ হয়ে যাওয়ার পরেও বাড়ি ফেরার জন্য অ্যাম্বুলেন্সের ব্যবস্থা না হওয়ায় আরো ২৪ ঘণ্টা তিনি কোভিড ওয়ার্ডেই পড়ে থাকলেন। এদিকে, সুস্থ হয়েও কোভিড হাসপাতালে পড়ে থাকার কথা সামনে আসতেই শোরগোল পড়ে যায়। এ ব্যাপারে হাসপাতালে সুস্থ হয়ে যাওয়া নবকুমার মোদক জানান, 'বার বার বলা সত্ত্বেও হাসপাতাল কর্তৃপক্ষ বাড়ি ফেরার জন্য অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করেনি। হাওড়া পুরনিগমকে ফোন করে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করার কথা জানালেও তারা কিছু করতে পারবে না বলে জানিয়ে দেয়।' তবে শুধু নবকুমার মোদকই নন, ওই হাসপাতালের করোনাজয়ী সুকান্ত দে, রতন চট্টোপাধ্যায় সবারই অভিযোগ, হাসপাতাল অ্যাম্বুলেন্সের ব্যবস্থা না করায় তাঁদের সেখানেই থাকতে হচ্ছে। হাসপাতালের তরফ থেকে জানানো হয়েছে পুরনিগমের অ্যাম্বুলেন্স না আসা পর্যন্ত তাদের কিছু করার নেই। আরো অভিযোগ, হাসপাতাল থেকে ছেড়ে দেওয়ার কথা বলেও অনেককেই ২-৩দিন সেখানে রাখা হচ্ছে। এ ব্যাপারে জেলা স্বাস্থ্য দফতরের এক আধিকারিক জানান, স্বাস্থ্য দফতরের তরফ থেকে সব সুস্থ করোনাজয়ীদের বাড়ি নিয়ে যাওয়ার জন্য অ্যাম্বুলেন্স দেওয়া সম্ভব নয়। এ ব্যাপারে চিন্তাভাবনা হচ্ছে। পরে সুস্থদের বাড়ি যাওয়ার জন্য অ্যাম্বুলেন্সের ব্যবস্থা নিজেদেরই করতে হবে। অন্যদিকে, পুরনিগমের তরফে জানানো হয়েছে, কোভিড হাসপাতাল থেকে যে কেউ ফোন করলেই তারা সেই রোগীকে বাড়ি নিয়ে যেতে পারে না। এজন্য কিছু নির্দিষ্ট প্রক্রিয়া আছে। হাসপাতাল বা স্বাস্থ্য দফতরের নির্দেশ পেলে তবেই সুস্থ ব্যক্তিকে তারা বাড়িতে নিয়ে যায়। হাসপাতাল থেকে স্বাস্থ্য দফতরে ও জেলাশাসকের অধীন নোডাল অফিসারকে জানানো হয়। সেখান থেকে অ্যাম্বুলেন্সের জন্য রিকুইজিশন পাঠানো হয়।

# মোদী-যোগীর করোনা টেস্টের দাবি সূর্যকান্তর

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** অযোধ্যায় রামমন্দির নির্মাণের ভূমিপুজোর দিন জন্মভূমি ট্রাস্টের প্রধান নিত্যগোপাল দাসের সঙ্গে একই মঞ্চে ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। তাঁদের একসঙ্গে পাশাপাশি ঘেঁষাঘেঁষি করে মঞ্চে দাঁড়াতেও দেখা গেছিল। এরপরই নিত্যগোপাল দাসের করোনা পজিটিভ ধরা পড়ে। এসব দেখে বৃহস্পতিবার রাতে সিপিআই(এম) এর রাজ্য সম্পাদক সূর্যকান্ত মিশ্র ট্যুইট করেন। তিনি মোদী-যোগীর ছবি শেয়ার করে বাংলায় ট্যুইট করে লেখেন, 'করোনা পজেটিভ রাম জন্মভূমির ট্রাস্টের প্রধান মহান্ত নিত্যগোপাল দাস। প্রধান সেবক তথা প্রধানমন্ত্রী ও উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রীর করোনা টেস্ট কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা অনুযায়ী বাধ্যতামূলক। এটা এখন প্রমাণিত যে রামমন্দিরের ভূমিপুজো করোনা সংক্রমণ প্রতিরোধে অক্ষম।' ওইদিন রাম মন্দির শিলান্যাসের মঞ্চে দাঁড়িয়ে রাম মন্দির আন্দোলনকে ভারতের স্বাধীনতা আন্দোলনের সঙ্গে তুলনা করেছিলেন মোদী। প্রধানমন্ত্রী এই মন্তব্যের তীব্র বিরোধিতা করে সূর্যকান্ত মিশ্র বলেন, 'প্রধানমন্ত্রী মুখে স্বাধীনতা আন্দোলনের কথা বলছেন। অথচ দেশের স্বাধীনতা আন্দোলনের সময়ে ইংরেজদের চরবৃত্তি যারা করেছিল, তারাই আজ দেশের স্বাধীনতার কথা বলছেন। তারা ব্রিটিশদের মুচলেখাও দিয়েছিল। আমি জানি না, প্রধানমন্ত্রী আন্দামানে গেছেন কিনা! তবে ওনার আন্দামানে যাওয়া উচিত। গেলে দেখতে পাবেন ওখানে সব স্বাধীনতা সংগ্রামীদের নাম লেখা আছে। তাঁদের মধ্যে ওদের একটারও নাম নেই।' তবে রামমন্দিরে ভূমি পুজোর আগেই করোনা আক্রান্ত হয়েছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। এই ২জনের সঙ্গে ওই পর্বে মোদী বৈঠকও করেছিলেন বলে খবরে। যদিও তাতে প্রধানমন্ত্রীর রাম মন্দিরে অনুষ্ঠানে যাওয়া আটকায়নি। এবার নিত্যগোপাল দায়ের করোনা আক্রান্ত হওয়ার পর মোদীরও করোনা টেস্ট করার জোরাল দাবি উঠল।

## আজ রাস্তায় বাম-কংগ্রেস

**উজ্জ্বল দত্ত, কলকাতা :** স্বাধীনতা দিবসকে সামনে রেখে কেন্দ্রের সরকারের বিরুদ্ধে 'সংবিধান বাঁচাও দিবস' হিসেবে ঘোষণা করে বাম-কংগ্রেস একযোগে রাস্তায় নামছে। মোদী সরকারের নানা কার্যকলাপের বিরোধিতা করে বেশ কয়েক বছর ধরে এই দিনেই বামফ্রন্ট কর্মসূচি করে আসছে। এবারের কর্মসূচিতে কংগ্রেসও শামিল হবে। সোমেন মিত্রের প্রয়াণের পর প্রদেশ কংগ্রেস সভাপতি কেউ না থাকায় এ নিয়ে কার সঙ্গে যোগাযোগ করবে তা নিয়ে ধোঁয়াশা ছিল। 'স্বাধীনতা বাঁচাও দিবস' সফল করতে জেলায় জেলায় নীচুতলার বাম নেতৃত্ব নীচুতলার কংগ্রেস কর্মী ও নেতাদের সঙ্গে যোগাযোগ করে। সেসব কংগ্রেস কর্মীরা এ প্রসঙ্গে প্রদেশ কংগ্রেস নেতা ও রাজ্যসভার সাংসদ প্রদীপ ভট্টাচার্যের সঙ্গে ফোনে যোগাযোগ করেন। প্রদীপ ভট্টাচার্য বামফ্রন্টের সঙ্গে এদিনের যৌথ কর্মসূচিতে অংশ নেওয়ার সবুজ সংকেত দেন। প্রদেশ কংগ্রেস মুখপাত্র অমিতাভ চক্রবর্তী বলেন, 'সোমেন মিত্রের দেখানো পথেই বামফ্রন্টের সঙ্গে যৌথ কর্মসূচিতে ১৫ আগস্ট মোদী সরকারের হাত থেকে সংবিধান বাঁচানোর কর্মসূচি নিয়েছি।'

## ১০ দিনে ১০০ কোটি পুর কর আদায়

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** লকডাউনের মধ্যেই রেকর্ড পুর কর আদায়। মাত্র ১০ দিনেই ১০০ কোটির পুরকর আদায় করল কলকাতা পুরনিগম। যা নজিরবিহীন। এ ব্যাপারে কলকাতা পুরনিগমের মুখ্য প্রশাসক ফিরহাদ হাকিম নাগরিকদেরই কৃতিত্ব দিয়েছেন। জনসচেতনতাই কলকাতা পুরনিগমকে আগামী দিনে মডেলে পরিণত করবে বলে তিনি আশা প্রকাশ করেন। লকডাউনের জেরে ২২ মার্চ থেকে ৩০ মে পর্যন্ত পুরনিগমের সম্পত্তি কর বা অন্যান্য কর সংগ্রহের বিভাগ বন্ধ ছিল। এদিকে কোষাগারে টান পড়ায় অনলাইন পরিষেবা চালু করা হয়। তবে অনলাইনে মাত্র ৩০ কোটি টাকা জমা পড়ছিল। লকডাউন শুরুর আগে, ২১ মার্চ পর্যন্ত ৮৫০ কোটি সংগ্রহ হয়েছিল। এরপরেই লকডাউন শুরু হয়ে যায়। ১ জুন থেকে আনলক পর্ব শুরু হতেই পরিস্থিতি বদলাতে থাকে। ১ জুন থেকে আনলক পর্বের শুরুতেই পুরোদমে কর আদায় বিভাগ খুলে যায়। ১ জুন-৩১ জুলাই পর্যন্ত প্রায় ২৬০ কোটি পুরনিগমের কোষাগারে জমা পড়ে। এরমধ্যে ১৫০ কোটি টাকার একটা অংশ মাত্র ১০ দিনেই সংগ্রহ করা গিয়েছে বলে পুর আধিকারিকদের দাবি। উল্লেখ্য, করোনা ও আম্ফানের জেরে শেষ কয়েক মাসে রাজস্ব আদায়ে কলকাতা পুরনিগমকে বেগ পেতে হয়েছে। এই পরিস্থিতিতে পুরকর্তৃপক্ষ কোষাগার চাঙ্গা করতে ১০০% সুদ ও জরিমানা মকুব করেছিল। পাশাপাশি সম্পত্তি কর আদায় করতে সংশ্লিষ্ট বিভাগের কর্তাদের পুরকর্তৃপক্ষ লক্ষ্যমাত্রা বেঁধে দিয়েছিল। শেষমেষ তারই ফল মিলল।

# দলের গোষ্ঠীদ্বন্দ্ব সামলাতে কলকাতা সফরে কৈলাস

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব সামাল দিতে বাংলায় করোনা পরিস্থিতির মধ্যেই দিল্লি থেকে আগামী সপ্তাহে কেন্দ্রীয় বিজেপির সাধারণ সম্পাদক কৈলাস বিজয়বর্গীয় কলকাতায় আসছেন। সূত্রের খবর, তিনি রাজ্য বিজেপির যুযুধান ২গোষ্ঠীকে নিয়ে আলোচনায় বসবেন। রাজ্য বিজেপির এক শীর্ষনেতা বলেন, 'রাজ্যে বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব চরমে না উঠলে কৈলাসজী এখনই করোনার ঝুঁকি নিয়ে কলকাতায় আসতেন না।' যদিও বিজেপির রাজ্য সম্পাদক সায়ন্তন বসু বলেন, 'এতদিন লকডাউনের জন্য কেন্দ্রীয় নেতৃত্ব বাংলায় আসতে পারছিলেন না। এখন আনলক পর্ব চলছে। স্বাভাবিকভাবেই তাঁরা বাংলায় আসা শুরু করবেন। আমাদের দলে কোনো গোষ্ঠীদ্বন্দ্ব নেই।' যদিও এরইমধ্যে কেন্দ্রীয় সভাপতি জেপি নাড্ডার ডাকে রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ দিল্লি যাচ্ছেন বলে সূত্রের খবর। বিজেপি সূত্রে জানা গেছে, সেখানে দিলীপ ঘোষকে দলের মধ্যে নেতাদের বিরুদ্ধে টিপ্পনি কাটা বন্ধ করতে বলা হবে।' যদিও দিলীপ ঘোষের ঘনিষ্ঠমহল সূত্রে খবর, দিলীপ ঘোষ দিল্লি থাকার সময় জেপি নাড্ডার নাড্ডাজীর সঙ্গে দেখা করতে চেয়েছিলেন। তিনি সময় দিয়েছিলেন বিকেলে। পরদিন লকডাউন থাকায় তড়িঘড়ি দুপুরের উড়ানে কলকাতায় ফিরে আসেন দিলীপ ঘোষ। তাই এবার কেন্দ্রীয় সভাপতির ডাকে দিল্লি যাচ্ছেন তিনি।

## জাতীয় পতাকা চিহ্নিত মাস্কের ব্যবহার দণ্ডনীয়

**নিজস্ব সংবাদদাতা, আসানসোল :** জাতীয় পতাকা চিহ্নিত মাস্ক ও গ্লাভস ব্যবহারের পর তা ফেলে দেওয়া আইনি ভাষায় অপরাধ। এক্ষেত্রে দেশের স্বাভিমানের প্রশ্নটি জড়িয়ে। অথচ আসানসোলের বাজারে জাতীয় পতাকা চিহ্নিত মাস্ক দেদার বিক্রি হচ্ছে।

# চিকিৎসা না পেয়ে পথেই রোগীর মৃত্যু



**অলক ঘোষ, বারাকপুর :** উত্তর ২৪ পরগনার বারাকপুরে চিকিৎসা না পেয়ে এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে ঘুরতে-ঘুরতে পথেই দীপঙ্কর সিংহ রায় (৩০) নামে এক যুবক মারা গেলেন। বেশ কিছুদিন ধরেই তিনি নার্ভের রোগে ভুগছিলেন। বারাকপুরের এক বেসরকারি ক্লিনিকে নার্ভের চিকিৎসা চলছিল। আচমকা মোহনপুর গ্রাম পঞ্চায়েতের বড়ো চক কাঠালিয়ার বাসিন্দা দীপঙ্কর সিংহ রায়ের প্রবল শ্বাসকষ্ট শুরু হয়। অবস্থার অবনতি হলে তাঁকে প্রথমে বাড়ির সামনে বারাকপুর মাতৃ সদন হাসপাতালে নিয়ে যাওয়া হয়। রোগীর করোনা সংক্রমণ থাকতে পারে, এই আশঙ্কায় করোনা পরীক্ষার রিপোর্ট ছাড়া ভরতি নয় এমন অজুহাত দেখিয়ে হাসপাতাল কর্তৃপক্ষ ওই যুবককে ভরতি নেয়নি। মৃতের পরিবারের অভিযোগ, 'দীপঙ্করের করোনা পরীক্ষা করা হয়নি, ওর নার্ভের সমস্যা ছাড়া আর কিছু ছিল না। এমনকী ওকে যে ডাক্তার দেখছিলেন তিনিও মাতৃসদন হাসপাতালে কর্মীদের সঙ্গে ফোনে যোগাযোগ করে ভরতি করানোর জন্য অনুরোধ করেছিলেন। তাও মাতৃসদন হাসপাতাল কর্তৃপক্ষ দীপঙ্করকে ফিরিয়ে দেয়।' এরপর ওই যুবকের অবস্থার আরো অবনতি হলে তাঁকে বারাকপুর বিএনবোস মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেও বেড নেই বলে রোগীকে একটা ইঞ্জেকশন ও অক্সিজেন সিলিন্ডার দিয়ে সাগর দত্ত মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। সেসময় অ্যাম্বুলেন্সের মধ্যেই রোগীর শারীরিক অবস্থার অবনতি ঘটতে থাকে। এরপর মৃতের আত্মীয়রা তাঁকে বারাকপুরে সিটি হাসপাতালে নিয়ে যাওয়ার চেষ্টা করেন। এরমধ্যেই তিনি মারা যান। ঘটনায় ক্ষুব্ধ মৃতের পরিবারের অভিযোগ, 'রোগী বিনা চিকিৎসায় মারা গেছেন। সব রিপোর্ট ঠিক ছিল শুধু করোনা পরীক্ষা হয়নি। অথচ ওনার বুকে প্রচণ্ড কফ জমে যাওয়ায় শ্বাসকষ্ট হচ্ছিল। কোনো হাসপাতাল চিকিৎসা করায়নি। বারাকপুর বিএন বোস মহকুমা হাসপাতাল থেকে ইঞ্জেকশনের দেওয়ার পরেই আমাদের রোগী আরো ঝিমিয়ে পড়ে। অন্য হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই মারা যায়।' ঘটনাটি শুনে বারাকপুরের পুরপ্রশাসক উত্তম দাস জানান, 'যেকোন মৃত্যুই দুঃখজনক। তবে ওই রোগী নিউরো পেসেন্ট ছিলেন। বারাকপুর মাতৃসদন হাসপাতালে নিউরো ডাক্তার ছিলেন না, আর ওটা একটা মেটার্নিটি হাসপাতাল তাহলে ওখানে কেন রোগীকে নিয়ে যাওয়া হল? তবে বেসরকারি হাসপাতাল কেন ভরতি নিল না খতিয়ে দেখা হবে। আমরা সব বেসরকারি হাসপাতালে ২টি করে বেড সবসময় এধরনের রোগীদের জন্য ফাঁকা রাখার নির্দেশ দিয়েছি। তা স্বত্বেও এমন ঘটনা কেন ঘটল তা খতিয়ে দেখছি।'

## হুগলিতে মূর্তি ভাঙার দুষ্কৃতীদের ধরার দাবি

**অমিত চৌধুরী, হুগলি :** শুক্রবার পান্ডুয়া থানার তিন্না দেশবন্ধু এলাকায় জিটি রোডে মূর্তি ভাঙ্গার অপরাধীদের গ্রেফতারের দাবিতে আদিবাসীরা পথ অবরোধ করলেন। কিছুদিন আগেই এই এলাকার সিধু কানুর মূর্তি ভাঙার প্রতিবাদে তাঁরা অবরোধ করেছিলেন। পুলিশ দোষীদের গ্রেফতার করার প্রতিশ্রুতি দিলেও এখনো পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি। তাই এদিন জিটি রোডে আদিবাসীরা ফের অবরোধ করেন। ঘটনাস্থলে পান্ডুয়া থানার পুলিশ ও বিডিও এলে তাঁদেরকে ঘিরেও বিক্ষোভ চলে। দীর্ঘক্ষণ পর প্রশাসনের আশ্বাসে অবরোধ উঠে যায়।

## আসানসোলে ৩ কন্যাশ্রী সম্মানিত

**রবীন্দ্রনাথ প্রামাণিক, আসানসোল :** শুক্রবার আসানসোলের জেলাশাসকের দফতরে ট্যাবলো উদ্বোধনের মাধ্যমে কন্যাশ্রীদের হাতে মাস্ক ও স্যানিটাইজার তুলে দেওয়া হয়। ছিলেন জেলাশাসক পূর্ণেন্দু মাজি, অতিরিক্ত জেলাশাসক (সাধারণ), সহ অন্যান্য আধিকারিকরা। জেলাশাসকের দফতর ছাড়াও এদিন আসানসোল ও দুর্গাপুরের সব জেলা কার্যালয় ও ব্লক সদর দফতর সহ মহকুমা দফতরেও কন্যাশ্রী দিবস হয়। এদিন সালানপুর ব্লকে ৩ মহিলা ফুটবল খেলোয়াড় অদ্রিজা সরখেল, রূপালি বাউড়ি ও মোনালিসা মারাণ্ডিকে সম্মানিত করা হয়।

## সোনারপুরে আবাসনে বিনামূল্যে করোনা টেস্ট

**জয়িতা বন্দ্যোপাধ্যায়, বারুইপুর :** শুক্রবার সকাল থেকেই সোনারপুর রাজপুর পুরসভা ও ব্লক স্বাস্থ্য দফতরের উদ্যোগে গড়িয়া এলাকার সব আবাসনে বিনামূল্যে শুরু হল র‍্যাপিড অ্যান্টিজেন টেস্ট। ব্লক স্বাস্থ্য আধিকারিক অনুপ মিশ্র জানান, ১৫০ টেস্টের লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। বিনামূল্যেই এই টেস্ট করা হবে। আবাসনের লোকেরা জানান, 'করোনা সংক্রমণ বেড়ে যাওয়ায় ভয়ে ছিলাম। কিন্তু পুরসভা ও ব্লক স্বাস্থ্য দফতরের এই উদ্যোগে আমরা অনেকটা স্বস্তি পেলাম।'

# সোনারপুরে পুকুর বোজানো নিয়ে এবার তদন্তের নির্দেশ

**বিমল বন্দ্যোপাধ্যায়, দক্ষিণ ২৪ পরগনা :** বারুইপুরের মহকুমাশাসক দেবারতি সরকার রাজপুর-সোনারপুর পুরসভার ১৯ নং ওয়ার্ডের বাদুরতলার ২৬ কাঠার জলাশয় বোজানো নিয়ে তদন্তের নির্দেশ দিলেন। পুরপ্রশাসক সহ কমিটির সদস্যদের তদন্ত করে পদক্ষেপ নিতে বলেছেন। পাশাপাশি সোনারপুর ব্লক ভূমি ও ভূমি সংস্কার অফিসকে জমির মালিকের সঙ্গে যোগাযোগ করে এ ব্যাপারে কৈফিয়েত চাইতে বলা হয়েছে। প্রশাসন সূত্রে জানা গেছে, এরপরই পুর প্রশাসন ও ভূমি সংস্কার অফিস তৎপর হয়। পুকুরের যে অংশ বোজানো চলছিল তার মালিক সমর ঘোষকে ফোনে যোগাযোগ করে কীসের ভিত্তিতে ওই জলাশয় ভরাট করছেন, সে ব্যাপারে জানতে চাওয়া হয়। তাঁকে পুরোপুরি অন্ধকারে রেখে ওই এলাকার পুজো কমিটির লোকজন এই বেআইনি কাজ করেছে বলে সমর ঘোষ জানান। ফলে আরো শোরগোল পড়ে যায়। এরপর পুর প্রশাসকমণ্ডলীর প্রধান ও এক্সিকিউটিভ অফিসার বৈঠক ডাকেন। সেখানে পুজো কমিটির কর্তাদের ডাকা হয়। জমির মালিক ছাড়াও ওই ওয়ার্ডের কোঅর্ডিনেটর প্রাক্তন কাউন্সিলারের ছেলে হাজির ছিলেন। সেখানেই জমির মালিক সমর ঘোষ পুজো কমিটির লোকজনের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন। গায়ের জোরে তাঁর জমি বোজানোর কাজে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার হুমকি দেন। রাজপুর-সোনারপুর পুরসভার পুর প্রশাসক প্রধান তথা প্রাক্তন চেয়ারম্যান ডাঃ পল্লব দাসও ওই কাজের জন্য পুজো কমিটির সদস্যদের ভর্ৎসনা করেন। পুজো কমিটিকে আগামী ৭২ ঘণ্টার মধ্যে পুকুরে ফেলা সব বর্জ্য তুলে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু শুক্রবার পর্যন্ত পুকুরে ফেলা বর্জ্য তোলা হয়নি। ওই জলাশয়ের মালিক সমর ঘোষ রাজপুর-সোনারপুর পুর এলাকার একজন প্রবীণ বাসিন্দা। সুভাষগ্রাম স্টেশনের গায়ে তাঁর বড়ো মুদিখানা রয়েছে। তিনি জানান, বাদুরতলায় জলাশয়টির পুরো মালিক তিনি একা নন। একাধিক শরিক রয়েছে। তবে বেশির ভাগ অংশ তাঁর। শুধু তাই নয়, বাদুরতলায় যেখানে পুজো হয়, সেই বাস্তু জমি অবশ্য তাঁর একার। অনেকদিন ধরে সেখানে পুজো হওয়ার জন্য তিনি সেভাবে কখনই কিছু বলেননি। কিন্তু সেই সুযোগ নিয়ে তাঁর জমি ও লাগোয়া পুকুরে বর্জ্য ফেলে ভরাট করার উদ্যোগ সমর্থন করেন না। তাঁর কথায়, ওই দিকে তাঁর যাতায়াত বেশি নেই। সংবাদপত্রে তিনি প্রথম জানতে পারেন। এরপর ভূমি সংস্কার অফিস থেকে তাঁকে ফোন করা হয়। পুরসভাকে থেকে তাঁকে ডাকা হয়েছিল। সমর ঘোষ বলেন, 'পুর প্রশাসক ও সকলকে সাফ জানিয়ে দিয়েছি, আমার জমি ভরাট করার এই সাহস কোথা থেকে পেল পুজো কমিটি? আমার জমির চরিত্র বদলাতে হলে প্রশাসনের কাছে মালিক হিসাবে আমি আবেদন করব। তারপর কিছু না হলেও ওইভাবে পড়ে থাকবে। কিন্তু এখানে দেখছি মগের মুল্লুক চলছে।' তবে পুর কর্তৃপক্ষ জানিয়েছে, ৭২ ঘণ্টার মধ্যে পুকুরকে আগের জায়গাতে ফিরিয়ে দেবে পুজো কমিটি। না হলে কড়া ব্যবস্থা নেওয়া হবে। সমর ঘোষ জানান, 'এই সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছি। তবে ওই নির্দেশ পুজো কমিটির লোকজন কতটা মানল তা সরজমিনে দেখতে যাব। যদি দেখা যায় কাজ হয়নি, তা হলে সকলকে হাই কোর্টে টেনে নিয়ে যাব।' সোনারপুর দক্ষিণের বিধায়ক জীবন মুখোপাধ্যায় বলেন, 'এভাবে বেআইনি কাজ সমর্থন করছি না। কড়া ব্যবস্থা নেওয়া হবেই।'


NOTICE INVITING e-TENDER

Sealed Tenders are invited for the year 2020-2021 from the bonafide contractors for construction works under MGNREGS and 15th CFCG
NIT No. WB/BWN/KGP/NIT 04/2020-21
Memo No- 331/KGP, Date- 14.08.2020
&
NIT No. WB/BWN/KGP/NIT 05/2020-21
Memo No- 332/KGP, Date- 14.08.2020
Last date of BID submission 24.08.2020
For detail information contact Prodhan Khandaghosh Gram Panchayat.

NOTICE INVITING TENDER

Sealed Tenders are invited for the year 2020-2021 from the bonafide contractors for construction works under MGNREGS and 15th CFCG
NIT No. WB/BWN/KGP/NIT 06/2020-21
Memo No- 333/KGP, Date- 14.08.2020
&
NIT No. WB/BWN/KGP/NIT 07/2020-21
Memo No- 334/KGP, Date- 14.08.2020
Last date of Paper submission 25.08.2020
For detail information contact Prodhan Khandaghosh Gram Panchayat.

OFFICE OF THE BOARD OF ADMINISTRATOR NAIHATI, NAIHATI MUNICIPALITY
1, R. B. C. ROAD, NAIHATI, NORTH 24 PARGANAS

TENDER
Memo No. 1183/MC-11
Dated:- 13/08/2020
Tender Notice No.: WB/MAD/NM/WWD/14TH FNC./WATER SUPPLY/AUG-1/2020-21
dt. 13/08/2020
(1st Call on 13/08/2020)

Sl. No. 1, Name of work- Sinking of Deep Tube well 300x200 mm dia of 200 M depth by Rig boring method with Supply of 300 mm dia & 200 mm dia Chlorinated Polyvinyal Chloride (CPvC) Pipes Conforming to specification ASTM(Schedule-80) ORIPLAST make pvc casing and screen Ribbed pipes 229 mm dia (outside) & 12.7 mm thick for installation at K.D. Road by lane, near Khatal of Swami nath Yadav Ward No.10 under Naihati Municipality. Estimated tender value:- Rs. 10,02,965.00. Sl. No. 2, Name of work- Supply & installation of Sub-Mersible Pump- & 15 to 25 HP Motor (KSB Make) with ERW Column pipe including fitting and fixing in all complete for New bore order to supply of water at K.D. Road by lane, near Khatal of Swami nath Yadav Ward No. 10 under Naihati Municipality., Estimated tender value:-Rs.7,53,620.00. Bid submission start date (online): 13/08/2020 after 18:00 Hrs.. Bid submission closing online: 26/08/2020 after 17:00 Hrs.. Bid opening date for technical Proposals (online)- 29/08/2020 after 10:00 Hrs. WB Govt. tender website must be followed.
Sd/- Executive Officer
Naihati Municipality

আর্ক ফিনান্স লিমিটেড
CIN : L51909WB1982PLC035283
১৮, রবীন্দ্র সরণি, পোদ্দার কোর্ট, গেট নং ৪, চতুর্থ তল, রুম নং - ৩, কলকাতা - ৭০০০০১
৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
(ই পি এস ব্যতীত লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২০ | বিগত বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০১৯ | বিগত সমাপ্ত বছর ৩১.০৩.২০২০ |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ২৪.৪৯ | ২৪.২৪ | ৮১১.৭৪ |
| কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | ৭.৮৭ | ৯.৬৬ | ২৪.১৫ |
| কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | ৭.৮৭ | ৯.৬৬ | ২৪.১৫ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ৫০৪৯.৫০ | ৫০৪৯.৫০ | ৫০৪৯.৫০ |
| মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পুর্ণমূল্যায়ন সরক্ষণ ব্যতীত সংরক্ষণ) | - | - | - |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) | | | |
| মূল | ০.০১৬ | ০.১৯ | ০.০৪৮ |
| লঘুকৃত | ০.০১৬ | ০.১৯ | ০.০৪৮ |

দ্রষ্টব্য : সেবি 'লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

আর্ক ফিনান্স লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
দিনেশ আগরওয়াল
ডিরেক্টর
DIN : 08394760
স্থান : কলকাতা
তারিখ : ১৩.০৮.২০২০

এমর‍্যাল্ড কমার্শিয়াল লিমিটেড
CIN : L29299WB1983PLC036040
১৮, রবীন্দ্র সরণি, পোদ্দার কোর্ট, গেট নং ৪, চতুর্থ তল, রুম নং - ৪, কলকাতা - ৭০০০০১
৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
(ই পি এস ব্যতীত লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২০ | পূর্ববর্তী বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০১৯ | বিগত সমাপ্ত বছর ৩১.০৩.২০২০ |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ৯.২০ | ৯.২৭ | ২২০.৮৮ |
| কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | ২.২৫ | ৬.৩৫ | ১৮.২৭ |
| কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | ২.২৫ | ৬.৩৫ | ১৮.২৭ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ৪৩৫৯.৮৮ | ৪৩৫৯.৮৮ | ৪৩৫৯.৮৮ |
| মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পুর্ণমূল্যায়ন সরক্ষণ ব্যতীত সংরক্ষণ) | — | — | — |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) | | | |
| মূল | ০.০০৫২ | ০.০১৪৬ | ০.০৪১৯ |
| লঘুকৃত | ০.০০৫২ | ০.০১৪৬ | ০.০৪১৯ |

দ্রষ্টব্য : সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

এমর‍্যাল্ড কমার্শিয়াল লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
ইন্দ্রজিৎ শেট্ট
ডিরেক্টর
DIN : 03581182
স্থান : কলকাতা
তারিখ : ১৪.০৮.২০২০

লংভিউ টি কোম্পানী লিমিটেড
রেজিস্টার্ড অফিস : ১৬ হেয়ার স্ট্রিট, কলকাতা - ৭০০০০১
CIN : L15491WB1879PLC000377
ফোন : ০৩৩ ২২৪৮ ২৩৯১ / ২ / ৩, ফ্যাক্স : ০৩৩ ২২৪৮ ৯৩৮২
ওয়েবসাইট : www.longviewtea.org, ই-মেল : info@longviewtea.org
৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ (লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | ৩০.০৬.২০২০ সমাপ্ত ত্রৈমাসিক (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২০ সমাপ্ত ত্রৈমাসিক (নিরীক্ষিত) | ৩০.০৬.২০১৯ সমাপ্ত ত্রৈমাসিক (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২০ সমাপ্ত বছর (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ২০.৫৬ | ৪৩.০১ | ৩৯.৪৬ | ১২২.৬৮ |
| ২. | এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (করের ও ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার আগে) | ১৫.৩২ | ২৯.৫২ | ৯.১৩ | ৪১.৯৩ |
| ৩. | করের পরে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে) | ১৩.১০ | ২৪.৫৮ | ৭.২২ | ৩১.০৬ |
| ৪. | এই পর্বের জন্য মোট সর্বাঙ্গীন আয় [(এই পর্ব থেকে সর্বাঙ্গীন আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য সর্বাঙ্গীন আয় (করের পর)] | ১৩.১০ | ১২.৪৯ | ৭.৫৪ | ১৯.৯৫ |
| ৫. | ইক্যুটি শেয়ার মূলধন | ৩০০.০৭ | ৩০০.০৭ | ৩০০.০৭ | ৩০০.০৭ |
| ৬. | অন্যান্য ইক্যুটি (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত) | - | - | - | ১১২০.০৭ |
| ৭. | শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা) (বার্ষিক ভাবে নয়) | | | | |
| | মূল | ০.৪৪ | ০.৮২ | ০.২৪ | ১.০৪ |
| | লঘুকৃত | ০.৪৪ | ০.৮২ | ০.২৪ | ১.০৪ |

দ্রষ্টব্য : (১) সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি ৩০.০৬.২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও এই বিবরণীটি স্টক এক্সচেঞ্জ লিমিটেডে অন্তর্ভুক্ত করা হল। কোম্পানীর বিস্তারিত অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের এই ওয়েবসাইটে (www.bseindia.com) ও কোম্পানীর এই ওয়েবসাইটে (www.longviewtea.org).
(২) উপরোক্ত ৩০.০৬.২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলটি ১৪ আগস্ট, ২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় নিরীক্ষক কমিটি দ্বারা পুনর্মূল্যায়িত হয়েছে ও কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টর দ্বারা অনুমোদিত হয়েছে।
(৩) কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর সেকশন ১৩৩-এর অধীন ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্টান্ডার্ড (আইএনডি এএস) অনুযায়ী আর্থিক ফলাফল সহ কোম্পানীর অন্যান্য অনুমোদিত কার্যকলাপ ও নিয়মকানুন প্রস্তুত করা হয়েছে।

বোর্ড অফ ডিরেক্টরস-এর পক্ষে ও সমর্থনে
স্বাক্ষর ওয়াই. কে. দাগা
ডিরেক্টর
DIN : 00040632
স্থান : কলকাতা
তারিখ : ১৪.০৮.২০২০